



চুয়াডাঙ্গা পৌরসভা কার্যালয়

শহীদ আবুল কাশেম সড়ক, চুয়াডাঙ্গা। ফোনঃ ০৭৬১-৬২২৮১

Web Site: www.chuadangapourashava.org, E-mail: mayor16cp@gmail.com

তারিখ-০২/০৬/২০২০খ্রিঃ।

“পৌরসভার অফিস ভবনের প্রবেশ মুখে জীবাণুনাশক টানেল উদ্বোধন”

অদ্য ইং ০২/০৬/২০২০ তারিখ রোজ সোমবার সকাল ১০.৪০ ঘটিকায় করোনা ভাইরাস প্রতিরোধ কল্পে পৌরসভা অফিসের প্রবেশদ্বারে জীবাণুনাশক টানেল এর শুভ উদ্বোধন করা হয়। উদ্বোধন করেন-পৌর মেয়র মোঃ ওবাইদুর রহমান চৌধুরী। জীবাণুনাশক টানেলটি সম্পূর্ণ অটো সেঞ্চর দ্বারা নিয়ন্ত্রিত। মানুষ প্রবেশ করলেই চালু হবে এবং বাহির হলেই বন্ধ হবে।

এ সময় উপস্থিত ছিলেন কাউন্সিলর ও প্যানেল মেয়র জনাব মুন্সি মোঃ রেজাউল করিম খোকন, মোঃ সিরাজুল ইসলাম মনি, মোঃ গোলাম মস্তফা শেখ মাস্তার, মোছাঃ শেফালী খাতুন, সুলতান আরা রতনা, পৌরসভার নির্বাহী প্রকৌশলী মোঃ আয়ুব আলী বিশ্বাস, পৌর সচিব কাজী শরিফুল ইসলাম, সহকারী প্রকৌশলী মোঃ হাফিজুর রহমান কাওছার, সহকারী প্রকৌশলী (পানি) এ, এইচ, এম সাহীদুর রশীদ, উচ্চজান সহকারী মেঃ মোয়াজ্জেম হোসেন, টিকাদান সুপারভাইজার আলী হোসেন, সড়কবাতি পরিদর্শক আনিছুর রহমান, কএঞ্জারভঙ্গী পরিদর্শক মোঃ জুবায়ের রহমান সহ পৌরসভায় সেবা নিতে আসা সম্মানিত নাগরিকগণ।

মেয়র জনাব মোঃ ওবাইদুর রহমান চৌধুরী তাঁর সংক্ষিপ্ত বক্তব্যে বলেন যে, করোনায আজ সারা বিশ্ব বিপর্যস্ত হয়ে পড়েছে। করোনা ভাইরাস থেকে রক্ষা পেতে হলে আমাদেরকে সতর্ক ভাবে চলাচল করতে হবে এবং মনে রাখবেন অসাবধানতায় যে কোন সময় করোনা ভাইরাসে আক্রান্ত হওয়ার সম্ভাবনা থাকে তাই আমাদের স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক প্রদত্ত স্বাস্থ্যবিধি অবশ্যই মানতে হবে। বারবার সাবান পানি দিয়ে কমপক্ষে ২০ সেকেন্ড হাত ধোবেন। অপরিচ্ছন্ন হাত দিয়ে মুখ, নাক ও চোখ ছোবেন না। জ্বর, সর্দি, কাশি গলা ব্যাথা হলে বাড়িতেই আলাদা থেকে চিকিৎসা নিন। চুয়াডাঙ্গা পৌরসভাকে করোনা ভাইরাস মুক্ত রাখার জন্য আমরা দিন-রাত প্রিশ্রম করে যাচ্ছি।



সময়মত পৌরকর পরিশোধ করুন। সময়মত পানির বিল পরিশোধ করুন, সময়মত আপনার শিশুকে টিকা দিন।